# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ জামাআত

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কতগুলো নামাযী হলে জামাআত হবে?

ইমাম ছাড়া কম পক্ষে একটি নামাযী হলে জামাআত গঠিত হবে; চাহে সে নামাযী জ্ঞানসম্পন্ন শিশু হোক অথবা মহিলা।

মহানবী (ﷺ) ইবনে আব্বাসকে নিয়ে জামাআত করে (তাহাজ্জুদ) নামায পড়েছেন। *(বুখারী, মুসলিম, আহমাদ, মুসনাদ, আসু:)* তিনি সফরে উদ্যত দুইজন লোককে বলেছিলেন, “নামাযের সময় উপস্থিত হলে তোমাদের একজন আযান দেবে এবং তোমাদের মধ্যে যে বড় সে ইমামতি করবে।” *(বুখারী ৬৩০নং, মুসলিম, নাসাঈ, সুনান, দারেমী, সুনান)*

Source — https://www.hadithbd.com/books/link/?id=2942

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন